

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসার এর কার্যালয়
মহালছড়ি, খাগড়াছড়ি।



তারিখ: ২৫/৮/২০২২খ্রি:


পত্র নং-৩৩.০২.৪৬৬৫.৫০১. ০৪৫.৪৫.২২-০৯

কোটেশন বিজ্ঞপ্তি।

উপজেলা মৎস্য অফিসার এর কার্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি এর আওতায় মহালছড়ি উপজেলাধীন সরকারী/আধা-সরকারী বিভিন্ন প্রাতিষ্ঠানিক পুকুর/জলাশয়ে কার্প জাতীয় পোনা মাছ অবমুক্তির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য পোনা মাছ ক্রয়/সরবরাহের নিমিত্তে প্রকৃত পোনা মাছ উৎপাদনকারী প্রতিষ্ঠান/পোনা মাছ নার্সারীর ও ক্ষুদ্র ব্যবসায়ী/পোনা মাছ সরবরাহ কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির নিকট হইতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর প্রবিধান অনুযায়ী সীল মোহরযুক্ত খামে কোটেশন আহবান করা যাইতেছে। কোটেশন আগামী ০৬/৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র ব্যাগে ফেলিতে হইবে এবং কোটেশন সমূহ ঐ দিনই বেলা ১:০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, মহালছড়ি এর অফিস কক্ষে উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হইবে।

কোটেশনের শর্তাবলী :

০১. কোটেশন দাতাকে অবশ্যই প্রকৃত পোনা মাছ উৎপাদনকারী প্রতিষ্ঠান/ পোনা মাছ নার্সারীর ও ক্ষুদ্র ব্যবসায়ী / পোনা মাছ সরবরাহ কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি হইতে হইবে এবং এ সপক্ষে সংশ্লিষ্ট কাগজ পত্রাদি দাখিল করিতে হইবে (যদি থাকে)।
০২. ১০-১৫সে:মি) আকারের সুস্থ সবল কার্প জাতীয় পোনা মাছ হইতে হইবে। প্রজাতি ভিত্তিক পোনা মাছের অনুপাত : রুই-৪০%, কাতলা-৪০%, মুগেল-২০% ,হইতে হইবে। পোনা মাছ ওজনে (কেজিতে) সরবরাহ করিতে হইবে। এ ক্ষেত্রে কেজি প্রতি দেয় দরে দরপত্র/কোটেশন দাখিল করিতে হইবে।
০৩. ম০৩.
০৪. দরপত্রে প্রজাতি ভিত্তিক প্রতি কেজি পোনা মাছের মূল্য সুস্পষ্ট ভাবে অংকে ও কথায় লিখিতে হইবে। কোনরূপ কাটা ছেড়া বা অভার রাইটিং এবং কারেকটিং ফ্লেইড ব্যবহার করা যাইবে না।
০৫. কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে কার্পজাতীয় মাছের পোনা মাছ সরবরাহের কাজ সক্ষম করিতে হইবে।
০৬. কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ পোনা মাছ যথা সময়ে নির্ধারিত স্থানে এবং নিজ খরচে সরবরাহ/পৌছাইয়া দিতে হইবে।
০৭. কৃতকার্য কোটেশনদাতা নির্ধারিত তারিখের মধ্যে ছোট মৎস্য পোনা মাছ সরবরাহে ব্যর্থ হইলে কমিটি কর্তৃক আরোপিত ক্ষয়ক্ষতি মানিয়া নিতে বাধ্য থাকিবে।
০৮. কোটেশন দাতা কর্তৃক প্রদত্ত দর হার ৩১শে মে-২০২৩ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকিবে। এই সময় সীমার মধ্যে কর্তৃপক্ষসরবরাহের পরিমাণ বৃদ্ধি করিলে কোটেশনদাতা তাহার উদ্বৃত্ত ও কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত মূল্যে যে কোন পরিমাণ পোনা মাছ সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।
০৯. কোটেশন দাতা নির্ধারিত পোনা মাছ গ্রহণ ও অবমুক্ত কমিটির নিকট বুঝাইয়া দেওয়ার পর ২ (দুই) কপি বিল উপজেলা মৎস্য অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি এর নিকট দাখিল করিতে হইবে।
১০. প্রয়োজনীয় ভ্যাট/আয়কর ও অন্যান্য কর দরপত্র দাতা/সরবরাহকারীকে বহন করিতে হইবে।
১১. দরপত্র / কোটেশন কমিটি কোন কারণ ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(প্রবীন চন্দ্র চাকমা)

উপজেলা মৎস্য অফিসার(অ:দা:)
ও সদস্য সচিব

জলাশয় নির্বাচন ও পোনা মাছ ক্রয় কমিটি
মহালছড়ি, খাগড়াছড়ি।


তারিখ: ২৫/৮/২০২২খ্রি:

পত্র নং-৩৩.০২.৪৬৬৫.৫০১. ০৪৫.৪৫.২২-০৯ /১(১২)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল :-

- ০১। মহা-পরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ০৩। প্রকল্প পরিচালক, চিহ্নিত অবক্ষয়িত জলাশয় উন্নয়ন ও ব্যবস্থাপনা এবং দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষণ প্রকল্প, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ০৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ০৮। উপজেলা কৃষি/প্রানি সম্পদ/সমাজ সেবা কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ০৯। চেয়ারম্যান, ১ নং মহালছড়ি ইউনিয়ন, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ১০। জনাব, -----
- ১১। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ, মহালছড়ি, ।
- ১২। দপ্তর নথি।

ও সদস্য, জলাশয় নির্বাচন ও পোনা মাছ ক্রয় কমিটি,
মহালছড়ি, খাগড়াছড়ি।


উপজেলা মৎস্য অফিসার (অ:দা:)
মহালছড়ি, খাগড়াছড়ি।